আজকে ইফতারকারীরা (সিয়ামবিহীন লোকেরা) সাওয়াব নিয়ে গেল।

আনাস ইবন মালিক রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, একটি সফরে আমরা রাসূলুল্লাহ আলাইহি ওয়াসাল্লামের সাথে ছিলাম। আমাদের মধ্যে কতক ছিল সাওম পালনকারী এবং কতক ছিল সাওম ছাড়া। প্রচণ্ড গরমে আমরা একটি স্থানে অবস্থান করলাম। আমরা কাপড় ওয়ালারা বেশি ছায়ার মালিক ছিলাম। আর আমাদের মধ্যে কতক ছিল যারা তাদের হাত দিয়ে গরম থেকে বেঁচে থাকত।
তিনি বলেন, সাওম পালনকারীগণ পড়ে গেল। আর যারা সাওম পালন করেন নি তারা খিমা নির্মাণ
এবং সাওয়ারীগুলোকে পানি পান করাতে আরম্ভ করল। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু
আলাইহি ওয়াসাল্লাম বললেন, আজকের দিন যারা সাওম পালন করেন নি তারা বিনিময় নিয়ে গেল। [সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

একটি সফরে সাহাবীগণ রাসূলুল্লাহ আলাইহি ওয়াসাল্লামের সাথে ছিলাম। আমাদের মধ্যে কতক ছিল সাওম পালনকারী এবং কতক ছিল সাওম ছাড়া। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম প্রত্যেককে তার নিজ নিজ অবস্থার ওপর ছেড়ে দিলেন। অতঃপর সফরে ক্লান্তি লাগবের উদ্দেশ্যে এবং দুপুরের রোদ্রের তাপ থেকে বাঁচার জন্য প্রচণ্ড গরমে একটি স্থানে অবস্থান নিল, যাতে তারা তাতে বিশ্রাম করেন। যখন তারা এ গরমের মধ্যে তাতে অবতরণ করলেন তখন সাওম পালনকারীগণ গরমে ও পিপাসায় ক্লান্ত হয়ে পড়লেন। ফলে তারা কোনো কাজ করতে পারলেন না। আর যারা সাওম পালন করেন নি তারা খিমা নির্মাণ এবং সাওয়ারীগুলোকে পানি পান করাতে আরম্ভ করল। আর সাওম পালনকারীদের খিদমত করা শুরু করে দিলেন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন তাদের কর্ম ও মুজাহিদদের সেবা দেখলেন, তাদের উৎসাহ দিয়ে বললেন, “আজকের দিন যারা সাওম পালন করেন নি তারা বিনিময় নিয়ে গেলেন।

http://www.sunnah.global/hadeeth/bn/show/4439